# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৪৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

اَلْفصْلُ الثَّنِفْ (بَاب أَشْرَاط السَّاعَة)

আরবী

عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يتقاربَ الزَّمانُ فتكونُ السَّنةُ كالشهرِ والشَّهرُ كالجمعةِ وتكونُ الجمعةُ كاليومِ وَيَكُونُ الْيَوْمُ كَالسَّاعَةِ وَتَكُونُ السَّاعَةُ كَالضَّرْمَةِ بِالنَّارِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

صحيح ، رواه الترمذی (2332 وقال : غريب) ـ

(صَحِيح)

বাংলা

৫৪৪৮-[১২] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যামানা সংকুচিত না হওয়া পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না। অর্থাৎ একটি বছর হবে একটি মাসের সমান। একটি মাস হবে একটি সপ্তাহের সমান, আর একদিন হবে এক ঘণ্টার পরিমাণ, আর একটি ঘণ্টা হবে অগ্নিশিখা উঠার সময় পরিমাণ। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিযী ২৩৩২, মুসনাদে আহমাদ ১০৯৫৬, সহীহুল জামি' ৭৪২২, সহীহ ইবনু হিব্বান ৬৮৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আল্লামাহ্ তুরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেন: উক্ত যামানাতে বরকত কমে যাবে এবং প্রত্যেক স্থান হতে কল্যাণ বিনষ্ট হবে। মানুষদের বিপদাপদের আধিক্যের কারণে প্রচণ্ড ক্ষতিগ্রস্ত হতে থাকবে আর তারা বড় বড় ফিতনার মোকাবেলায় এতটাই ব্যস্ত হয়ে পড়বে যে, তাদের দিনরাত কিভাবে কাটবে সেদিকে তাদের কোন খেয়াল

থাকবে না। (তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, ২২৫ পৃ., হা. ২২৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85426

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন